



নম্বর: ৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০৪.১৯.২৯৩

তারিখ:

২৭ কার্তিক ১৪৩০  
০২ নভেম্বর ২০২৩

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মনোয়ার হোসেন ভূঁইয়া, চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), ভৈরব সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ ১৮.০৯.২০১৬ হতে ২৩.০৭.২০১৯ তারিখ পর্যন্ত ২ (দুই) বছর ১০ (দশ) মাস ৫ (পাঁচ) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে বিভাগীয় মামলা রুজু করে তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়, কিন্তু কোন জবাব না পাওয়ায়; এবং

২। যেহেতু, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তির লক্ষ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৭(৩) বিধিমাতে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, এতদুদ্দেশ্যে নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক ১৮.০৯.২০১৬ হতে ২৫.০১.২০২০ তারিখ তদন্ত চলাকালীন পর্যন্ত তাঁর অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়; এবং

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমাতে “পলায়ন”-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) বিধিমাতে ‘চাকরি হতে বরখাস্ত’ নামক গুরুদত্ত আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারী করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়, কিন্তু কোন জবাব না পাওয়ায়; এবং

৫। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমাতে “পলায়ন”-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধিমাতে ‘চাকরি হতে বরখাস্ত’ নামক প্রস্তাবিত গুরুদত্ত আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সঙ্গে একমত গোষণ করে; এবং

৬। যেহেতু, জনাব মোঃ মনোয়ার হোসেন ভূঁইয়া, চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), (নন-ক্যাডার, বেতন স্কেল-৩৫৫০০-৬৭০১০, বেতন গ্রেড-৬) ভৈরব সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমাতে “পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধিমাতে ১৮.০৯.২০১৬ তারিখ থেকে ‘চাকরি হতে বরখাস্ত’ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ কামাল হোসেন,

সিনিয়র সচিব

ফোনঃ ০২-২২৩৩৫২৩৬১

ই-মেইল: [secretary@tmed.gov.bd](mailto:secretary@tmed.gov.bd)


নম্বর: ৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০৪.১৯. ২৯৩(২২)

তারিখ:

৩৭ কার্তিক ১৪৩০  
০২ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০২. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
০৩. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. অধ্যক্ষ, ভৈরব সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ
০৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
০৮. ডিস্ট্রিক্টস একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কিশোরগঞ্জ
০৯. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. জনাব মোঃ মনোয়ার হোসেন ভূইয়া, চিফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), ভৈরব সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ
১২. অতিরিক্ত সচিব (কারিগরি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

  
(মুহাম্মদ আব্দুস সালাম)  
উপসচিব